

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.১৮.৫২২.২২. ২২০

তারিখ : ১০/০৩/২০২৬ খ্রিঃ

বিষয় : আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্রসচিবসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্টদের প্রতি বিশেষ নির্দেশনা।

সূত্র : ২৫/০৩/২০২৬ খ্রি. তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার হতে সারাদেশে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ অনুষ্ঠিত হতে যাচ্ছে। আসন্ন পরীক্ষায় যেকোনো ধরনের অনিয়ম প্রতিরোধে সরকার শূন্য সহনশীলতা (জিরো টলারেন্স) নীতি গ্রহণ করেছে। উক্ত পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সকল কেন্দ্রসচিবসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিম্নোক্ত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো:

- ১। সিসিটিভি ক্যামেরা স্থাপন: আসন্ন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ উপলক্ষে প্রতিটি পরীক্ষা কেন্দ্রসহ কেন্দ্রের প্রতিটি কক্ষে বাধ্যতামূলকভাবে সচল সিসি ক্যামেরা স্থাপন নিশ্চিত করতে হবে। পরীক্ষার পুরো সময় সিসিটিভি মনিটরিংয়ের আওতায় থাকতে হবে;
- ২। সিসিটিভি সচল রাখা: যে সকল পরীক্ষা কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা অচল/অকেজো অবস্থায় রয়েছে, সে সকল পরীক্ষা কেন্দ্রের সিসিটিভি ক্যামেরা পরীক্ষা শুরুর পূর্বেই সচল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৩। ভিডিও ফুটেজ সংরক্ষণ: সিসিটিভি ক্যামেরায় ধারণকৃত সকল ভিডিও যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক তা সরবরাহ করতে হবে;
- ৪। সময় সচেতনতা: সকল পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে ঘড়ি (কাটাওয়াল) টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৫। নিরাপত্তা নিশ্চিতকরণ: স্থানীয় প্রশাসনের সাথে পরামর্শক্রমে পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা রক্ষার্থে পর্যাপ্ত নিরাপত্তা বাহিনীর সদস্য মোতায়েনের ব্যবস্থা করতে হবে;
- ৬। মোবাইল ফোন ব্যবহারের নিষেধাজ্ঞা: কেন্দ্রসচিব ব্যতিত পরীক্ষার হলে কোনো শিক্ষক/পরীক্ষার্থী যাতে মোবাইল ফোন ব্যবহার করতে না পারে তা নিশ্চিত করতে হবে;
- ৭। দেহ তল্লাশি ও নকল প্রতিরোধ: আসন্ন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ এ অংশগ্রহণকারী কোনো পরীক্ষার্থী যাতে কোনো উপায়েই নকল বা অসদুপায় অবলম্বন করতে না পারে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের দেহ তল্লাশি করে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের অনুমতি প্রদান করতে হবে। মেয়ে পরীক্ষার্থীদের ক্ষেত্রে মহিলা শিক্ষক দ্বারা দেহ তল্লাশির ব্যবস্থা করতে হবে;
- ৮। বিশেষ নির্দেশনা প্রচার: আসন্ন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রের প্রধান ফটকে অভিভাবকসহ শিক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশনা টাঙ্গিয়ে দিতে হবে;
- ৯। পরিচ্ছন্নতা ও পরিবেশ: প্রতিটি পরীক্ষা কেন্দ্রে পরিষ্কার পরিচ্ছন্নসহ পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;
- ১০। বোর্ড নির্দেশনার প্রতিপালন: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক কেন্দ্রসচিবদের প্রতি নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- ১১। আইনানুগ সতর্কতা: সর্বোপরি আসন্ন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে উপরোল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে। উপরোল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনে কোন প্রকার অবহেলা/গাফিলতির কারণে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হলে সংশ্লিষ্ট কেন্দ্রসচিবসহ দায়ীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

প্রকৌশলী মোঃ বেজাউল হক
পরিচালক (ভোকেশনাল)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কেন্দ্রসচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ কেন্দ্র।
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ এ অংশগ্রহণকারী সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.১৮.৫২২.২২. ২২০(২৪)

তারিখ : ৩০/০৩/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৬. পরিচালক (প্রশাসন/ পিআইডব্লিউ/ ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সকল বিভাগ।
৮. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল জেলা)।
৯. জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসারের কার্যালয় (সকল জেলা) [নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১০. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল উপজেলা) [নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১১. সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২. পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৪. সংরক্ষণ নথি।

মোঃ এনায়েত করিম

সহকারী পরিচালক